

ওই যে বীণা বাজছে সুরে—“উদ্বোধনের দিনে আজ—
থাকিস্নাকো ঘুমের ঘোরে, আগরে তোরা কাজের মাঝ।”
এই বগে' যে গাইছে বীণা—গাইছে মোদের উদ্বোধন।
থাকবো না আর ঘুমের ঘোরে—আজ আমাদের জাগরণ ॥

শ্রীসোমনাথ সাহা,
প্রথম বার্ষিক শ্রেণী, 'B' শাখা

বীণা।

অই শিউলি ফুলের অঞ্চলেতে আছে বাঁধা
আমার বীণার তান ;
যখন তা'রা কেঁপে উঠে, আমার বীণা বেজে উঠে,
তোরা কি শুনিস্নেকো গান ?
চলতে চলতে পথের মাঝে থমকে এসে দাঁড়িয়ে
পেতে দিস্ একবার তোর কাণ !—
শ্রোতা হ'লে শুন্তে পারি, যোদ্ধা হ'লে বুঝতে পারি,
—নীরব সে যে গান !
আমার কত জন্ম গেল চ'লে, কন্দ হ'ল ক্ষীণ,
ঐ বীণার মর্ম্ব বোঝা ভার !
বিশ্ব-বীণার তারে তারে সাধা তাহার তার।
ও যে চমৎকার,
বড়ই মধুর ঝনৎকার ॥

শ্রীক্ষুদিরাম সরকার,
চতুর্থ বার্ষিক শ্রেণী, "B" শাখা।